

39864 - যে ব্যক্তি রোয়ার কায়া পালনের দিন রোয়া ভেঙ্গে ফেলেছে সে কি তিনিদিন রোয়া রাখবে??!

প্রশ্ন

আমি রোয়ার কায়া পালনের দিন কোন ওজর ছাড়া রোয়াটি ভেঙ্গে ফেলেছি। এমতাবস্থায় আমার উপর কী ওয়াজিব? কেউ কেউ বলছেন: আমাকে পরবর্তীতে তিনিদিন রোয়া রাখতে হবে।

প্রিয় উত্তর

রম্যানের রোয়া কায়া পালন করা ওয়াজিব রোয়ার অন্তর্ভুক্ত। কোন ব্যক্তির জন্য শরায়ি ওজর ছাড়া এই রোয়াকে নষ্ট করা জায়েয় নয়। তাই কেউ যদি এই রোয়া শুরু করে তাহলে এটি পূর্ণ করা তার উপর আবশ্যিকীয়।

দেখুন: [39752](#) নং প্রশ্নোত্তর।

যদি কেউ রম্যানের রোয়ার কায়া পালনের দিন রোয়াটি ভেঙ্গে ফেলে তাহলে সেই দিনের রোয়ার কায়া পালন করা তার উপর আবশ্যিক। যদি কোন ওজর ছাড়া রোয়াটি ভেঙ্গে ফেলে তাহলে কায়া পালনের সাথে এই গুনাহ থেকে আল্লাহর কাছে তওবা করা তার উপর আবশ্যিক।

আর আপনি এই রোয়াটি ভাঙ্গার বদলে তিনিদিন রোয়া রাখার যে বিষয়টি উল্লেখ করেছেন সেটার কোন ভিত্তি নেই।

তবে কোন আলেম এই কথা বলেছেন যে, তাকে দুইদিন রোয়া রাখতে হবে: রম্যানের রোয়ার একদিন ও কায়া রোয়ার একদিন।

সঠিক মতানুযায়ী তাকে শুধু একদিনের রোয়া পালন করতে হবে।

ইবনে হায়ম ‘আল-মুহান্না’ নামক গ্রন্থে (৬/২৭১) বলেন:

“যে ব্যক্তি রম্যানের কায়া রোয়া ইচ্ছাকৃতভাবে ভেঙ্গে ফেলে তার উপর শুধু একদিনের রোয়া কায়া পালন ছাড়া অন্য কিছু আবশ্যিক নয়। কেননা কায়া (প্রতিপূরণ) কর্তৃক (প্রতিপূরণকে) আবশ্যিক করা মানে এমন এক বিধানকে আবশ্যিক করা আল্লাহ যার অনুমতি দেননি। অথচ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত হয়েছে যে, তিনি রম্যানের সেই দিনটির কায়া (প্রতিপূরণ) করেছেন। অতএব, কোন দ্যুর্থহীন টেক্স বা ইজমা ছাড়া এর উপরে বাড়ানো জায়েয় নয়।”[সমাপ্ত]